

## যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪০৮

১/ বিবিধ

আরবী

### كل مشكل حرام، وليس في الدين إشكال موضوع

رواه الروياني في "مسنده" (ق 2/163) والطبراني في "المعجم الكبير" (1259) -  
بغداد) وأبن عدي في "الكامل" (ق 1/96) وإسحاق بن إسماعيل الرملي  
في "حديث آدم بن أبي إياس" (ق 1/4) والقضاعي في "مسند الشهاب" (ق 2/10)  
عن إسماعيل بن أبي أويس: حدثني حسين بن عبد الله بن ضميرة عن أبيه عن جده  
عن

تميم الداري مرفوعا، وقال ابن عدي  
"لا يروى إلا عن حسين هذا بهذا الإسناد، وهو ضعيف منكر الحديث، وضعفه بين  
على حديثه"

قلت: وقد كذبه مالك وأبو حاتم وأبن الجارود  
وقال البخاري  
"منكر الحديث"

وقال ابن حبان في "الضعفاء" (1/244)  
يروي عن أبيه عن جده بنسخة موضوعة  
ثم ساق له هذا الحديث وقال

"وليس تحفظ هذه اللفظة عن النبي صلى الله عليه وسلم من طريق صحيح"

বাংলা

১৪০৪। প্রত্যেক মুশকিল হারাম আর দ্বীনের মধ্যে কোন মুশকিল নেই। বা প্রত্যেক সন্দেহজনক বস্তু হারাম আর দ্বীনের মধ্যে কোন সন্দেহ নেই।

হাদীসটি বানোয়াট।

হাদীসটিকে রূপওয়ানী তার "মুসনাদ" গ্রন্থে (কাফ ২/১৬৩), ত্বরানী "আলমুজামুল কাবীর" গ্রন্থে (১২৫৯), ইবনু আদী "আলকামেল" গ্রন্থে (কাফ ১/৯৬), ইসহাক ইবনু ইসমাইল রামালী "হাদীসু আদম ইবনু আবী ইয়াস" গ্রন্থে (কাফ ১/৮) ও কায়াঙ্গ "মুসনাদুশ শিহাব" গ্রন্থে (কাফ ২/১০) ইসমাইল ইবনু আবী উওয়ায়েস হতে, তিনি হৃসাইন ইবনু আবদিল্লাহ ইবনে যামীরাহ হতে, তিনি তার পিতা হতে তিনি তার দাদা হতে, তিনি তামীমুদ দারী (রাঃ) হতে মারফু' তিনি হিসেবে বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেনঃ একমাত্র হৃসাইন হতেই এ সন্দেহ বর্ণনা করা হয়ে থাকে। আর তিনি হচ্ছেন মুনকারুল হাদীস। তার হাদীসে তার দুর্বলতা সুস্পষ্ট।

আমি (আলবানী) বলছিঃ তাকে মালেক, আবু হাতিম ও ইবনু জারাদ মিথ্যক আখ্যা দিয়েছেন।

ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস।

ইবনু হিবান "আয়-যুয়াফা" গ্রন্থে (১/২৪৪) বলেনঃ তিনি তার পিতার সূত্রে তার দাদা হতে একটি বানোয়াট কপি বর্ণনা করেছেন।

অতঃপর তিনি তার এ হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ সহীহ সূত্রে এ শব্দগুলো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সাব্যস্ত হয়নি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃশিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72283>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন